

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়
বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট
পুরাতন বন ভবন, ১০১, মহাখালী, ঢাকা-১২১২।

বিশ্ব জলবায়ু সম্মেলন (COP-21) এর বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের কার্যক্রমঃ

গত ৩০ নভেম্বর হতে ১১ ডিসেম্বর ২০১৫ পর্যন্ত ফ্রান্সের রাজধানী প্যারিসে বিশ্ব জলবায়ু সম্মেলন (COP-21) অনুষ্ঠিত হয়। উক্ত সম্মেলনে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) ড. প্রকৌ. জ্ঞান রঞ্জন শীল এবং বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের সচিব (যুগ্ম -সচিব) জনাব রাশেদুল ইসলাম উপস্থিত ছিলেন। এবার বিশ্ব জলবায়ু সম্মেলনে বাংলাদেশের প্রতিনিধিরা COP-21 এর Negotiation সহ বিভিন্ন সাইট ইভেন্টে সক্রিয় ভূমিকা পালন করেন। সম্মেলনে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট কর্তৃক একটি স্টল দেওয়া হয়। উক্ত স্টল হতে ট্রাস্টের বিভিন্ন কার্যক্রমের উপর নিমিত্ত ভিডিও চিত্র, বুকলেট, ব্রশিয়ার এবং পরিবেশ ও বন মন্ত্রণালয় এর আওতাধীন বিভিন্ন দপ্তর এবং জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে প্রকল্প বাস্তবায়নকারী বিভিন্ন সংস্থা থেকে ট্রাস্ট তথ্য সংগ্রহ করে সফট কপি বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের লোগো সম্বলিত পেনড্রাইভের মাধ্যমে বিভিন্ন দেশের অংশগ্রহনকারী প্রতিনিধিদের বিতরণ করা হয়। তা ছাড়া বিসিসিটির লোগো সম্বলিত কলম, বুকলেট, ব্রশিয়ারের হার্ড কপি এবং পরিবেশ ও বন মন্ত্রণালয় ও অন্যান্য সংস্থা থেকে সরবরাহকৃত সিডি এবং তথ্যাবলীও বিতরণ করা হয়। তাছাড়া পরিবেশ অধিদপ্তর এবং পরিবেশ ও বন মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ স্টলে সার্বিক সহযোগিতা করেন।

চিত্রঃ- COP-21 এর Venue সহ স্টলের বিভিন্ন চিত্র দেওয়া হলঃ













